



গণিত মেধা অন্বেষণ - ২০২৪

Mathematics Talent Search – 2024

Organised by: The Pi Group of Mathematics, Cooch Behar

Class – II

Full Marks – 100

Time – 1 Hr 30 Min

পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ

- উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।
- প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।
- প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে সম্ভাব্য উত্তর-এর বিকল্প (Option) দেওয়া আছে।
- উত্তরপত্র (OMR Sheet)-এ প্রতিটি প্রশ্নের চারটি বিকল্পের মধ্যে শুধুমাত্র সঠিক বিকল্প লেখা বৃত্তটি সম্পূর্ণ ভর্তি করে দিতে হবে। একই প্রশ্নের একাধিক বৃত্ত ভর্তি করলে সেই উত্তরটি বাতিল বলে গণ্য হবে।
- ভুল উত্তরের জন্য কোনো নেগেটিভ মার্কিং নেই।

১. ১, ২ ও ০ দিয়ে তৈরী তিন অঙ্কের সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যার মধ্যে পার্থক্য কত?

- (a) ১ (b) ১০৮ (c) ২০০ (d) ১৯৮

২. নীচের কোনটি মৌলিক জোড়?

- (a) ১১, ২ (b) ১৩, ১৫ (c) ২১, ২৩ (d) ২৩, ২৭

৩. ২০২৪ সালের ৫ই জুন বুধবার হলে, ৫ই জুলাই কী বার হবে?


- (a) বুধবার (b) শুক্রবার (c) বৃহস্পতিবার (d) রবিবার

৪. ২৫৯০ এর শতকের অঙ্কের সঙ্গে ৩ যোগ করলে আগের সংখ্যার সঙ্গে বর্তমান সংখ্যার পার্থক্য কত হবে?

- (a) ৩০০ (b) ৩০০০ (c) ৩ (d) ৩০

৫. পাশের চিত্রটিতে কয়টি ত্রিভুজ আছে?

- (a) ৪ টি (b) ৩ টি (c) ৬ টি (d) ৫ টি



৬. ৫ ঘন্টা = কত মিনিট ?


- (a) ১০০ মিনিট (b) ২০০ মিনিট (c) ৩০০ মিনিট (d) ৪০০ মিনিট

৭. রেলের ঘড়িতে সময় ১৯ : ২৫ হলে তোমার বাড়ির ঘড়িতে ক'টা বাজবে?

- (a) সকাল ৭ : ২৫ (b) সকাল ৫ : ২৫ (c) সন্ধ্যা ৭ : ২৫ (d) সন্ধ্যা ৫ : ২৫

৮. পাশের ছবিটিতে কয়টি সরলরেখাংশ আছে?

- (a) ৪ টি (b) ৫ টি (c) ৩ টি (d) অসংখ্য



৯. কয়টি ৭ কে যোগ করলে ৫৬ পাওয়া যাবে?

- (a) ৭ টি (b) ৮ টি (c) ২ টি (d) ১৪ টি


১০. ৯০০০৫৭৭ কে ২ দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকবে -

- (a) ৩ (b) ০ (c) ১ (d) ৫

১১. ১৭ কে ৫ দিয়ে গুণ করার অর্থ হল -

- (ক) $১৭ \times (২ + ৩)$ (খ) $১৭ \times \{(২ + ২) + ১\}$

- (a) শুধু (ক) সঠিক (b) শুধু (খ) সঠিক (c) (ক) এবং (খ) দুটোই সঠিক (d) কোনটিই সঠিক নয়
12. তোমার মা দুটি একই মাপের পাউরুটি বাজার থেকে কিনে আনলেন। তোমাকে একটা পাউরুটির $\frac{1}{8}$ অংশ দিলেন এবং দাদাকে অন্য রুটিটির $\frac{1}{6}$ অংশ দিলেন। কে বেশি পেলে?
- (a) দুজনেই সমান (b) তুমি বেশি পেলে (c) দাদা বেশি পেলে (d) কোনটিই নয়
13. দুই অঙ্কের সবথেকে বড় জোড় সংখ্যা ও তিন অঙ্কের সব থেকে ছোট জোড় সংখ্যার মধ্যে পার্থক্য কত?
- (a) ১ (b) ২ (c) ৩ (d) ০
14. তোমার মা বাজার থেকে ১ হালা কলা ও অর্ধেক ডজন ডিম কিনে আনলেন। কোনটি সংখ্যায় বেশি আনলেন?
- (a) কলা ও ডিম সমান সংখ্যক (b) কলা সংখ্যায় বেশি (c) ডিম সংখ্যায় বেশি (d) তুলনা করা যায় না
15. তুমি রাতে মোমের আলোতে তোমার অঙ্কের বইটিকে এমন ভাবে ধরলে যাতে বিপরীত দেয়ালে ছায়া পড়ে। ছায়াটির আকার কীরকম হবে?
- (a) বৃত্তাকার (b) চতুর্ভুজাকার (c) ত্রিভুজাকার (d) সরলরৈখিক
16. পরবর্তী সংখ্যাটি কত? ৫৩৪৭, ৫৪৪৭, ৫৫৪৭, ____
- (a) ৫২৪৭ (b) ৬৫৪৭ (c) ৫৭৪৭ (d) ৫৬৪৭
17. CAT যদি ২৪ হয় এবং RAT যদি ৩৯ হয় তবে, DOG কত?
- (a) ২৫ (b) ২২ (c) ২৬ (d) ২৭
18. রোমান সংখ্যা XXIV এর মান কত?
- (a) ২৪১ (b) ২০০৪ (c) ২৪ (d) ২০৪
19. ১৫০ এর মধ্যে ২৫ কতবার আছে?
- (a) ৪ বার (b) ৬ বার (c) ৫ বার (d) ৩ বার
20. ২১০ শতক = কত দশক?
- (a) ২ দশক (b) ২১ দশক (c) ২০ দশক (d) কোনটিই নয়
21. যোগ কর : $২৩ + ৪২ + ১১$
- (a) ৬৬ (b) ৭৬ (c) ৭৭ (d) ৫৬
22. পাশের চিত্রে কতগুলি বর্গ আছে?
- (a) ৪ টি (b) ৫ টি (c) ৩ টি (d) ০ টি
23. ৪ জোড়া জুতো = কতগুলি জুতো?
- (a) ৬ টি (b) ৪ টি (c) ৮ টি (d) ১০ টি
24. ২৩৩ ও ২৪৩ এর মধ্যে সঠিক চিহ্ন বসান।
- (a) > (b) < (c) = (d) কোনটিই নয়
25. একটি বাগানে ৩০০ টি গাছের মধ্যে ৭০ টি কেটে ফেলা হল। বাগানটিতে কয়টি গাছ থাকবে?
- (a) ২৫০ টি (b) ২৬০ টি (c) ২৩০ টি (d) ২৬০ টি
26. সংখ্যায় লেখ : ৪ দশক + ৬ একক
- (a) ৪৬ (b) ৪০৬ (c) ৬৪ (d) ৬০৪
27. $A = ৫$, $B = ৭$ এবং $C = ১০$ হলে $\frac{A+B+C}{১১} = ?$



- (a) ৩ (b) ২ (c) ৪ (d) ১

28. ২৩৪৫ সংখ্যায় ৩ এর স্থানীয় মান কত?


- (a) ৩০০ (b) ৩৪৫ (c) ৩০ (d) ২৩

29.  = $\frac{৩}{৮}$  = $\frac{৪}{৬}$ হলে  = ?

- (a) $\frac{১}{৬}$ (b) $\frac{৩}{৬}$ (c) $\frac{২}{৬}$ (d) $\frac{৪}{৬}$


30. সংখ্যাটি কত?

- (a) ১২৪ (b) ৪১২ (c) ৪২১ (d) ২১৪




31. পাশের ছবিতে কয়টি কোণা আছে?

- (a) ৮ টি (b) ৬ টি (c) ১২ টি (d) ৪ টি



32. ফাঁকা বাক্সটিতে সংখ্যা বসানো -

- (a) ৮ (b) ৩
(c) ৬ (d) ২



33. সংখ্যায় প্রকাশ কর : বারো ভাগের সাত ভাগ

- (a) $\frac{৭}{১২}$ (b) $\frac{১২}{৭}$ (c) $১\frac{২}{৭}$ (d) কোনটিই নয়

34. ১৫ দিনে একপক্ষ হলে ৯০ দিনে কত পক্ষ?

- (a) ৯ পক্ষ (b) ৬ পক্ষ (c) ৮ পক্ষ (d) ৪ পক্ষ

35. ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা দুটির গুণফল কত?

- (a) ৬ (b) ৫ (c) ২ (d) ৪

36. তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা থেকে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা বিয়োগ করে বিয়োগফলকে এক অঙ্কের বৃহত্তম সংখ্যা দ্বারা ভাগ কর। ভাগফল কত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে?

- (a) এক (b) দুই (c) তিন (d) চার

37. $২৯ - ১০ \times ২$ এর মান কত?

- (a) ১৯ (b) ৯ (c) ০ (d) ৭

38. তুমি বা-হাতে একটি ঘড়ি পড়ে আয়নার সামনে দাঁড়ালে ঘড়িটিকে কোন দিকে দেখতে পাবে?

- (a) বা দিকে (b) ডান দিকে (c) উপর দিকে (d) নীচের দিকে

39. ৩৪৩ এর সঙ্গে সবথেকে কম কত যোগ করলে সংখ্যাটি ১০ দ্বারা বিভাজ্য হবে?

- (a) ১৭ (b) ৭ (c) ৩ (d) ২

40. তোমার ও তোমার ভাই-এর বয়সের সমষ্টি ১৫ বছর। ৫ বছর পর তোমাদের বয়সের সমষ্টি কত হবে?

- (a) ২০ বছর (b) ২৫ বছর (c) ৩০ বছর (d) ৩৫ বছর

41. $৯ + ৯৯ + ৯৯৯ = ?$

- (a) ১০০১ (b) ১১০৭ (c) ১০১৭ (d) ১০০৭

42. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা এবং চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত?

- (a) ১০০৯৯ (b) ১০০০০৯ (c) ১০০৯৯৯ (d) ১০৯৯৯৯

43. তোমাদের ক্লাসঘরে ৮ টি বেঞ্চ আছে। তোমরা বিদ্যালয়ে ৪৫ জন এসেছো। প্রতি বেঞ্চে সমান সংখ্যায় বসার পর কতজন দাঁড়িয়ে থাকবে?

- (a) ৪ জন (b) ৬ জন (c) ৫ জন (d) ৩ জন

44. বিয়োগফল নির্ণয় কর : $২৩০৪ - ১৩৪৮ - ৪৮$

- (a) ৯০৮ (b) ১০৮ (c) ৪৪৯ (d) ৫০০

45. কোন শহরে ৫২৬৭ জন হিন্দু, ৭৩২৫ জন মুসলমান, ২৯৭ জন খৃষ্টান এবং ২৭৪৮ জন অন্যান্য সম্প্রদায়ের মানুষ বাস করে। শহরটির জনসংখ্যা কত?


- (a) ১৫৫৩৭ (b) ১৫৬৬৩৭ (c) ১৬৬৩৭ (d) ১৫৬৩৭

46. $\frac{1}{2} = \frac{2}{8} = \frac{9}{\quad} = \dots$ এইভাবে চলতে থাকলে সপ্তম ভগ্নাংশটি হবে -



- (a) $\frac{৫}{১০}$ (b) $\frac{৬}{১৪}$ (c) $\frac{৭}{১৪}$ (d) $\frac{৬}{১২}$

47. পাশের ছবিতে চিহ্নিত অংশ ছাড়া কত অংশ ফাঁকা আছে?

- (a) $\frac{৪}{৮}$ (b) $\frac{৫}{৮}$ (c) $\frac{৬}{৮}$ (d) $\frac{৩}{৮}$



48. নীচের কোন ছবিটি আবদ্ধ নয়?



49. ১২ টি লেবু সব থেকে বেশি কত জন বাচ্চার মধ্যে সমান ভাগে ভাগ করে দেওয়া যাবে?

- (a) ৬ জন (b) ৩ জন (c) ৪ জন (d) ২ জন

50. $৪২ \div ৭ \times ৯ - ২৪ \div ৬ \times ১৩ = ?$

- (a) ২ (b) ৩ (c) ৪ (d) ৫

